

প্রাথমিক শিক্ষকের ৫ হাজার পদে ৩ লক্ষাধিক প্রার্থী

□ ২০শে জুন নিয়োগ পরীক্ষা

নিজস্ব বার্তা পরিবেশক ৥ ৫ হাজার পদে ৩ লাখ ১৩ হাজার ১শ' ৪৭ জন প্রার্থী। প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য আগামী ২০শে জুন যে পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে তাতে সারাদেশ থেকে উল্লিখিতসংখ্যক প্রার্থী অংশ নিচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ হাজার শূন্য পদে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নেয়া হয়। এই বিপুলসংখ্যক প্রার্থীর নিয়োগ পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ বেশকিছু পদক্ষেপ নিয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে প্রার্থী নির্বাচনের জন্য আগামী ২০শে জুন সকাল ১০টায় দেশের ৬১টি জেলা সত্তরে রোঙ্গামাটি, ঝাংড়াছড়ি ও বাসরবান ব্যতীত) প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক জেলা ও মহানগরে পরীক্ষা পরিচালনার জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে ৬ সদস্যবিশিষ্ট নিয়োগ : পৃঃ ১১ কঃ ৪

নিয়োগ : প্রাথমিক শিক্ষক

(১ম পৃষ্ঠার পর)

একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। পরীক্ষা পরিচালনার নিয়ম ও নির্দেশনা সংবলিত নীতিমালার আলোকে জেলা কমিটি প্রার্থীদের প্রাপ্ত আবেদনসমূহ বাছাইকরণ, বৈধ প্রার্থী বরাবর প্রবেশপত্র ইস্যু, পরীক্ষা কেন্দ্র স্থাপন, পরীক্ষার আসন ব্যবস্থার আয়োজন, পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ, প্রশ্নপত্র গ্রহণ এবং তা নিরাপদ হেফাজতে সংরক্ষণ, পরীক্ষাশেষে উত্তরপত্রসমূহ নিরাপদে অধিদপ্তরে প্রেরণ এবং আইন-শৃঙ্খলা রক্ষাসহ শান্তিপূর্ণভাবে পরীক্ষা পরিচালনার যাবতীয় দায়িত্ব পালন করবে।

এছাড়া কেন্দ্রীয়ভাবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে চেয়ারম্যান করে ৬ সদস্যবিশিষ্ট একটি কেন্দ্রীয় পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি নিরাপত্তার মাধ্যমে প্রশ্নপত্র মুদ্রণ, উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ, বাজেট প্রণয়ন, পরীক্ষা পরিচালনার নীতিমালা প্রণয়ন ও পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ সম্পর্কিত দায়িত্ব পালন করবে।

উত্তরপত্র মূল্যায়নের জন্য উত্তরপত্র-সমূহে কোড নম্বর প্রদান করা হবে। কোড সংবলিত উত্তরপত্রসমূহের লিখিত অংশ অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকমণ্ডলী দিয়ে মূল্যায়ন করে কম্পিউটারের মাধ্যমে ফলাফল প্রস্তুত করা হবে। মোট শূন্য পদের ৬০ ভাগ পদ মহিলাদের জন্য সংরক্ষিত। লিখিত পরীক্ষায় কেবল যেসব প্রার্থী ন্যূনতম ৬০ নম্বর পাবেন কেবল তাদেরকেই ২৫ নম্বরের মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে নিয়োগবিধির কোটা অনুসরণ করে ফলাফল প্রস্তুত করা হবে।